রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ মে ২০১৭ খ্রি.

**নং ৪৪.০০.০০০০.০২২.০০৭.০০২.২০১৫-২৫২**—মাদক বিরোধী গণসচেতনতা জোরদারকরণে জাতীয় মাদকবিরোধী কমিটি, জেলা এবং উপজেলা পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**(ক) জাতীয় মাদকবিরোধী কমিটি :**

**উপদেষ্টা**

১। মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২। মাননীয় সভাপতি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

**সভাপতি**

৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৪। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৫। অতিরিক্ত সচিব, জননিরাপত্তা বিভাগ

৬। অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

৭। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৮। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯। মহাপরিচালক, বাংলাদেশ বেতার

১০। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

১১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর

১২। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

১৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর



**মূল্য** ঃ টাকা ৮.০০

১৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
১৫। বিভাগীয় কমিশনার (সকল)
১৬। যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৭। যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৮। যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১৯। যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
২০। যুগ্মসচিব, তথ্য মন্ত্রণালয়
২১। যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২২। যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৩। যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
২৪। যুগ্মসচিব, রেলপথ মন্ত্রণালয়
২৫। যুগ্মসচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
২৬। যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২৭। যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২৮। ডিআইজি (অপরাধ), বাংলাদেশ পুলিশ
২৯। ডিআইজি, এসবি
৩০। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস্), র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)
৩১। পরিচালক (অপারেশনস্ ও প্রশিক্ষণ), বর্ডার গার্ড বাংলাদেশ
৩২। পরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ কোস্টগার্ড
৩৩। পরিচালক, এনএসআই
৩৪। পরিচালক, ডিজিএফআই
৩৫। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা
৩৬। সেক্রেটারী, জাতীয় প্রেসক্লাব, ঢাকা
৩৭। বেসরকারি নারী সংগঠনের প্রতিনিধি ১(এক) জন (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)
৩৮। বেসরকারি নিরাময় কেন্দ্র প্রতিনিধি ২(দুই) জন (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)
৩৯। মাদকদ্রব্যের অপব্যবহার নিরোধ কার্যক্রমে সম্পৃক্ত এনজিওসমূহের ২জন প্রতিনিধি (১জন পুরুষ ১জন মহিলা, মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

৪০। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

**কার্যপরিধি:**

(ক) মাদকের অপব্যবহার, প্রতিরোধ ও গণসচেতনতামূলক প্রচারণা ও কার্যক্রমে নীতি নির্ধারণ;
(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ পরিস্থিতি পর্যালোচনা ও মাদকবিরোধী কার্যক্রমের সমন্বয় সাধন;
(গ) প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;
(ঘ) কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
(ঙ) কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে;
(চ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি;
জাতীয় কমিটি বছরে ন্যূনপক্ষে ৪টি সভায় মিলিত হবে।

**(খ) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি :**

**উপদেষ্টা**

১। জেলার মাননীয় সংসদ সদস্যবৃন্দ
২। চেয়ারম্যান, জেলা পরিষদ

**সভাপতি**

৩। জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ
৫। পুলিশ সুপার
৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)
৭। সিভিল সার্জন
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি
১০। স্থানীয় বিজিবি ব্যাটালিয়নের উপ অধিনায়ক (সীমান্তবর্তী জেলাসমূহের ক্ষেত্রে)
১১। জেলা তথ্য অফিসার
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩। মেয়র, পৌরসভা (সকল)
১৪। সভাপতি, জেলা বার এসোসিয়েশন
১৫। সভাপতি, জেলা প্রেসক্লাব
১৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর
১৭। জেলা সদরের সরকারি কলেজসমূহের অধ্যক্ষ
১৮। মফস্বল কলেজের একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
১৯। জেলা শিক্ষা অফিসার
২০। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা
২১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর
২২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
২৩। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয়/জেলা কারাগার
২৪। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ
২৫। জেলার ৪ জন গণ্যমান্য ব্যক্তি (২জন মহিলাসহ) (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
২৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
২৭। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
২৮। উপপরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর
২৯। জেলা ক্রীড়া অফিসার
৩০। বেসরকারি নিরাময়কেন্দ্রের প্রতিনিধি ০১(এক) জন
৩১। মাদকদ্রব্যের অপব্যবহার নিরোধ কার্যক্রমে সম্পৃক্ত এনজিও সমূহের ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
৩২। স্থানীয় বাস-ট্রাক মালিক/শ্রমিক সংগঠনের ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

৩৩। উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়।

**কর্মপরিধি :**

(ক) প্রতিমাসে জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণের পরিস্থিতি পর্যালোচনা করে মাদকবিরোধী কার্যক্রম সমন্বয় ও জোরদার করা;
(খ) মাদকদ্রব্য সংক্রান্ত মামলাসমূহের তদন্ত ও বিচার দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা;
(গ) মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা করা;
(ঘ) জেলায় মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধ কর্মসূচি ও গণসচেতনতামূলক কর্মকাণ্ডের পরিকল্পনা প্রণয়ন;
(ঙ) মাদকবিরোধী ও গণসচেতনতামূলক প্রচারণা, সেমিনার ও সভার আয়োজন;

(চ) উপজলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত সমস্যাদির সুষ্ঠু সমাধানের কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং দিক নির্দেশনা প্রদান;
(ছ) প্রয়োজনে জাতীয় কমিটির নিকট সুপারিশ প্রেরণ;
(জ) জাতীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;
(ঝ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

**(গ) উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি :**

**উপদেষ্টা**

১। মাননীয় সংসদ সদস্য
২। উপজেলা পরিষদ চেয়ারম্যান

**সভাপতি**

৩। উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৫। স্থানীয় মহাবিদ্যালয়/সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ (সকল)
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় থানা
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
১২। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (জেলা কার্যালয় কর্তৃক মনোনীত)
১৩। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
১৪। উপজেলা সমবায় কর্মকর্তা
১৫। উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ
১৬। মেয়র, স্থানীয় পৌরসভা
১৭। স্থানীয় প্রেসক্লাবের সভাপতি/সম্পাদক
১৮। মাদকদ্রব্যের অপব্যবহার নিরোধ কার্যক্রমে সম্পৃক্ত এনজিও প্রতিনিধি-২ জন (১জন পুরুষ-১ জন মহিলা, ইউএনও কর্তৃক মনোনীত)
১৯। স্থানীয় বিদ্যালয় ও মাদ্রাসাসমূহের প্রধান শিক্ষক/সুপার (সকল)
২০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
২১। উপজেলা জামে মসজিদসমূহের একজন ইমাম

**সদস্য-সচিব**

২২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা

**কর্মপরিধি**

(ক) উপজেলা পর্যায়ে মাদকের অপব্যবহার প্রতিরোধ কর্মসূচি ও গণসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;
(খ) স্থানীয় পর্যায়ে র‌্যালী, সভা, সেমিনার, সমাবেশ, সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান ইত্যাদি আয়োজন করা;
(গ) স্থানীয় উদ্যোগে ডিটক্সিফিকেশন ক্যাম্পের আয়োজনের মাধ্যমে মাদকাসক্তদেরও চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধকরণ;
(ঘ) স্থানীয় পর্যায়ে মাদকাসক্তদের জরিপ কাজে সহায়তা করা;
(ঙ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়;

উপজেলা কমিটি প্রতিমাসে ন্যূনতম ১ বার সভায় মিলিত হবেন।

২। উপরোক্ত কমিটিসমূহ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ফেরদৌস রওশন আরা**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd